যামিনী মজুমদার মেমোরিয়াল কলেজ
পতিরাম, দক্ষিন দিনাজপুর

তারিখঃ 25/11/2023

## নোটিশ

এতদ্বারা মহাবিদ্যালয়ের প্রথম সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, প্রতি সোমবার থেকে শুক্রবার লাইব্রেরী থেকে বই তোলা ও জমা শুরু হয়েছে।

**লাইব্রেরী থেকে বই তোলার নির্দেশাবলি নিম্নরুপ।**

১) প্রত্যেক ছাত্র-ছাত্রী লাইব্রেরী থেকে বই তুলতে পারবে। প্রত্যেক ছাত্র-ছাত্রী ১ টি করে বই তুলতে পারবে।
২) বই তোলার ৭ দিনের মধ্যে বইটি জমা দিতে হবে।
৩) লাইব্রেরী থেকে বই তোলার সময় বইটি দেখে নিতে হবে। বই নেওয়ার পর বইটি ছিড়ে ,পুড়ে, ভিজে, বা হারিয়ে গেলে বইটির ক্ষতিপূরণ দিতে হবে।
৪) বই জমার দিন কলেজ বন্ধ থাকলে তার আগের দিন বা পরের দিন বইটি জমা দিতে হবে।
৫) লাইব্রেরীতে এক সঙ্গে ৫ জনের বেশি প্রবেশ করা যাবে না।
৬) লাইব্রেরীর বাইরে রাখা র‍্যাকে ব্যাগ রেখে, জুতো খুলে, MOBILE SILENT রেখে এবং লাইব্রেরি কার্ড, রিডিং রুম কার্ড ও কলম নিয়ে লাইব্রেরীতে প্রবেশ করতে হবে।
৭) লাইব্রেরী কার্ড ও রিডিং রুম কার্ড না থাকলে লাইব্রেরীতে প্রবেশ করা ও বই নেওয়া যাবে না।

**বই তোলার দিন ও সময় :**

সোমবার থেকে শুক্রবার (১১ টা থেকে ২ টা এবং ২:৩০ টা থেকে ৪ টা পর্যন্ত) সকল সেমিস্টার।
শনিবার বন্ধ (লাইব্রেরীর অভ্যন্তরীন কাজের জন্য)।

**রিডিং রুম ব্যবহারের নিয়মাবলী নিম্নরুপ-**

১) ) সকল সেমিস্টারের ছাত্র-ছাত্রী রিডিং রুম-এর কার্ড দিয়ে বই তোলা জমার মাধ্যমে রিডিং রুম ব্যবহার করতে পারবে। যাদের নেই, তাদের প্রত্যেককে লাইব্রেরী থেকে রিডিং রুম-এর কার্ড সংগ্রহ করতে হবে (প্রয়োজন ১ কপি রঙ্গিন ছবি ও ভর্তির রিসিভ)
২) বাইরে রাখা র‍্যাকে ব্যাগ রেখে প্রবেশ করতে হবে।
৩) রিডিং রুমে পড়তে চাইলে লাইব্রেরী থেকে রিডিং রুমের কার্ড দিয়ে বই তুলে রেজিস্টার খাতায় নথিভুক্ত করতে হবে (নাম, সেমিস্টার, রোল নম্বর, বিভাগ/ বিষয়/ ACC NO. প্রবেশের সময়, স্বাক্ষর ও প্রস্থানের সময় লিখতে হবে)। তারপর রিডিং রুমে গিয়ে রিডিং রুমের রেজিস্টার খাতায় নথিভুক্ত করতে হবে (ওপরের দেওয়া নিয়মেই) ও পড়ার শেষে বইটি লাইব্রেরীতে জমা দিতে হবে।-
৪) উচ্চস্বরে কথা বলা বা গল্প করা যাবে না। প্রয়োজন ছাড়া মোবাইল ব্যবহার করা যাবেনা (MOBILE SILENT রাখতে হবে) ও রিডিং রুমের নিরবতা বজায় রাখতে হবে।
৫) রিডিং রুমে প্রবেশ করে রিডিং রুমের রেজিস্টারে নাম, সেমিস্টার, রোল নম্বর, বিভাগ/ বিষয়/ ACC NO. প্রবেশের সময়, স্বাক্ষর ও প্রস্থানের সময় লিখতে হবে।
৬) অনুমতি ছাড়া কম্পিউটার ব্যবহার করা যাবে না।
৭) লাইব্রেরী ক্লাশ ও লেখাপড়ার প্রয়োজনীয়তা ছাড়া রিডিং রুমে প্রবেশ করা যাবে না।

**রিডিং রুম ব্যবহারের দিন ও সময় :**

১) সোমবার থেকে শুক্রবার (১১ টা থেকে ৪ টা)
২) শনিবার বন্ধ। (সপ্তাহে লাইব্রেরী ক্লাশ থাকলে রিডিং রুম ব্যবহার হবে।)

25-11-23

Teacher-in-charge
Jamini Mazumdar Memorial College
Patiram, Dakshin Dinajpur